

2 0 1 7

BENGALI  
( Major )

Paper : 3.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কশীরাম দাসের পিতার নাম কী ?
- (খ) কৃত্তিবাসের গ্রন্থটির নাম কী ?
- (গ) 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য'-এর রচয়িতা কে ?
- (ঘ) ব্যাধ কালকেতুর কাহিনি কোন্ মঙ্গলকাব্যে পাওয়া যায় ?
- (ঙ) নারায়ণ দেবের সম্পূর্ণ ভণিতাটি কী ?
- (চ) বিজয়গুপ্তের জন্ম কোথায় হয়েছিল ?
- (ছ) কৃষ্ণদাস কবিরাজের জন্মস্থান কোথায় ?
- (জ) 'লোরচন্দ্রাণী' কি ধরনের কাব্য ?
- (ঝ) রামপ্রসাদের কবিতাগুলি বাংলা সাহিত্যের ইতিহাসের কোন্ ধারার রচনা ?
- (ঞ) সৈয়দ আলাওলের 'পদ্মাবতী' কোন্ গ্রন্থের অনুবাদ ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) চট্টগ্রামে দ্বিজমাধবের গ্রন্থটি কি নামে পরিচিত? তিনি কোন্ কাব্যধারার কবি?
- (খ) তোমার পঠিত চৈতন্য-পূর্ব যুগের দুজন বৈষ্ণব পদকর্তার নাম উল্লেখ করো।
- (গ) কবি মুকুন্দ চক্রবর্তীকে কে আশ্রয় দিয়েছিলেন? তাঁর গৃহে কবি কি কার্ণে নিযুক্ত হয়েছিলেন?
- (ঘ) নাথ সাহিত্যের সাহিত্যিক নিদর্শন হিসেবে উল্লেখযোগ্য দুটি কাব্যের নাম লেখো।
- (ঙ) বৃন্দাবন দাসের চৈতন্য জীবনী গ্রন্থটির নাম কী? গ্রন্থটিতে মোট কয়টি খণ্ড আছে?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) বৃন্দাবনের ষড়্গোস্বামীদের সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কবি-পরিচিতি সম্পর্কে যা জান লেখো।
- (গ) রূপরাম চক্রবর্তী সম্পর্কে টীকা লেখো।
- (ঘ) শূন্যপুরাণ সম্পর্কে টীকা লেখো।
- (ঙ) হোসেন শাহ সম্পর্কে একটি নাতিদীর্ঘ টীকা লেখো।
- (চ) জয়দেব সম্পর্কে টীকা লেখো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) অনুবাদক হিসাবে কৃত্তিবাসের কৃতিত্বের পরিচয় দাও।
- (খ) দ্বিজমাধবের কাব্য ও কবি-প্রতিভা সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।
- (গ) ষোড়শ শতকের বাংলা সাহিত্যে চৈতন্য-প্রভাব সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।
- (ঘ) "বৃন্দাবন দাস এবং কৃষ্ণদাস কবিরাজের গ্রন্থ দুটিতে একই মহাজীবনের দুটি স্বতন্ত্র রূপ ফুটে উঠেছে।" আলোচনা করো।
- (ঙ) তোমার পঠিত রোসাও রাজসভার যে কোনো একজন কবির কাব্য-প্রতিভা সম্পর্কে আলোচনা করো।
- (চ) সাধক কমলাকান্তের কবি-প্রতিভা ও রচনা সম্পর্কে আলোচনা করো।
- (ছ) কবি নারায়ণ দেবের কাব্য ও কবি-প্রতিভা সম্পর্কে সুদীর্ঘ আলোচনা করো।
- (জ) 'মনসামঙ্গল' কাব্যের প্রচলিত কাহিনিটি অতি সংক্ষেপে আলোচনা করে এই কাব্যের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

\*\*\*